

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯১৪

আগরতলা, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

উনকোটি জেলা হাসপাতালে জরায়ুতে সফল অস্ত্রোপচার



উনকোটি জেলা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের দক্ষতা ও আন্তরিক প্রচেষ্টায় দেওড়াছড়া গ্রামের বাসিন্দা ৩১ বছর বয়সী এক রোগীর সফল মায়োমেকটমি অস্ত্রোপচারের মাধ্যমে নতুন জীবন লাভ করেছেন। তিনি দীর্ঘদিন ধরে পেটের অসহনীয় ব্যথা ও ঋতুকালীন সময়ে অস্বাভাবিক রক্তপাতের সমস্যা নিয়ে ভুগছিলেন। পরিবারের লোকজন গত ৮ সেপ্টেম্বর সন্ধ্যা ৬:৩০ মিনিটে উনকোটি জেলা হাসপাতালে এই রোগীকে নিয়ে যান। উনকোটি জেলা হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষায় জানা যায় যে, রোগীর জরায়ুতে মাঝারি আকারের টিউমার (ফাইব্রয়েড) রয়েছে যা একটি তরমুজের মত বড় এবং তলপেটে চাকার মতো অনুভূত হচ্ছে। চিকিৎসকরা নিশ্চিত হন, অস্ত্রোপচার ছাড়া রোগীর সমস্যার সমাধান সম্ভব নয়। চিকিৎসকরা গত ১২ সেপ্টেম্বর দেড় থেকে দুই ঘণ্টাব্যাপী সফল অস্ত্রোপচার সম্পন্ন করেন। অস্ত্রোপচারের সময় আরও একটি অতিরিক্ত টিউমার পাওয়া যায়। উনকোটি জেলা হাসপাতালের স্ত্রীরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুমিত দাস, অ্যানেস্থেসিওলজিস্ট ডাঃ রূপময় দাসের নেতৃত্বে একটি বিশেষজ্ঞ চিকিৎসক দল এই চ্যালেঞ্জ গ্রহণ করেন। এই টিমে ছিলেন নার্সিং ইনচার্জ সাথী ঘোষ, নার্সিং অফিসার কাবেরী সাহা, ওটি টেকনিশিয়ান মিঠুন মল্ল, সুভাষ সিনহা ও অরুণ চাকমা। আধুনিক চিকিৎসা সরঞ্জাম এবং চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সমন্বিত প্রচেষ্টায় সফলভাবে জটিল এই অস্ত্রোপচার সম্পন্ন হয়। বর্তমানে রোগীকে অপারেশন থিয়েটার থেকে সাধারণ ওয়ার্ডে স্থানান্তর করা হয়েছে এবং নিয়মিত তাঁর শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা হচ্ছে। রোগীর অবস্থা স্থিতিশীল হওয়ায় অপারেশনের পরের দিন (১৩ সেপ্টেম্বর) রোগীকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়েছে। উল্লেখ্য, এই অস্ত্রোপচার আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় সম্পূর্ণ বিনামূল্যে করা হয়েছে। উনকোটি জেলা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের প্রতি রোগীর পরিবার ও স্বজনরা আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
